থাকে, তাহা হইলে "কৈবল্যং সাত্তিকং জ্ঞানং মলিষ্ঠং নিষ্ঠ ণং স্মৃত্য্"__ এইরূপ উদাহরণে ভেদ উল্লেখ করিতে শ্রীভগবানের প্রবৃত্তি হইতে পারে না। অতএব স্বরূপতঃই ভগবদ্বিয়ক জ্ঞান নিগুল। এইজন্যই 'সান্তিকং সুখমাত্মোথং বিষয়োথন্ত রাজসং। তামসং মোহদৈন্যোথং নিশুণং মদপাশ্রয়ং॥ ১১।২৫।২৯ শ্লোকে "ত্বং"-পদার্থ অনুচৈতন্য জীবস্বরূপের অমুভবজনিত যে সুখ, সেটি সান্ত্রিক, বিষয়ানুভবজনিত সুখ রাজস, মোহ ও দৈন্য হইতে উত্থিত সুখ তামস। আমার অনুভবজনিত সুখ কিন্তু নিশুণ। এস্থল ভগবদমুভবজনিত সুখের নিশুণ্ড পরে বলা হইবে। এইপ্রকার শ্রবণ-কীর্ত্তনাদিলক্ষণা ক্রিয়ারূপাভক্তিরও নিপ্তর্ণগুই বুঝিতে হইবে। যেহেতুক "শুশ্রাষোঃ শ্রাদ্ধানস্থ বাস্থদেব কথা-রুচিঃ। স্থান্মহৎ দেবয়া বিপ্রাঃ পুণ্যতীর্থনিষেবনাৎ॥ ১।২।১৬ শ্লোকে শ্রীস্কৃতগোস্বামী শৌনকাদি ঋষিগণ কহিলেন—হে বিপ্রগণ! পুণ্যতীর্থের সেবা করিলে প্রায়শঃ মহতের: সঙ্গলাভের সম্ভাবনা হইতে পারে। সেই মহতের সঙ্গ হইতে মহং-মুখোচ্চারিত হরিকথা শ্রবণে ইচ্ছার উদ্গাম্ হয় এবং সেই হরিকথা শ্রবণ করিলে সেই সকল মহাপুরুষের প্রতি শ্রদ্ধার উদ্গাম্ হইয়া থাকে ও তাঁহাদের সেবা করিবার সোভাগ্যও ঘটিয়া থাকে। সেই সকল মহাপুরুষের সেবা করিলে বাস্থদেবকথায় রুচির উদয় হয়। এইপ্রকার উক্তির দারা সুস্পষ্টভাবেই বুঝা যায় যে— শ্রীভগবংকথা প্রবণ-কীর্ত্তনাদি করিবার প্রবৃত্তির হেতু একমাত্র সংসঙ্গ; অথচ সেই সংসঙ্গটিও নিগুণ। এইজন্য ভগবন্তক্তিও যে নিগুণা, সে বিষয়ে সংশয় করিবার কোনই অবসর থাকিতে পারে না। এস্থলে কেহ এরপ প্রশ্ন করিতে পারেন যে—ব্লক্ষজানও তো শ্রীভগবংপ্রসাদ হইতেই আবিভূতি হইয়া থাকে; যেহেতু সত্যব্রত মহারাজের প্রতি শ্রীমৎস্থাদেব ৮।২৪।৩৮ শ্লোকে বলিয়াছেন—"মদীয়ং মহিমানঞ্চ পরং ব্রন্মেতি শব্দিতং। বেৎস্থামুগৃহীতং মে সংপ্রশৈর্বিবৃতং হৃদি॥" আমার মহিমা অর্থাৎ মহত্বই (বিভুত্ব) পরমত্রহ্ম শব্দে অভিহিত এবং সেই তত্ত্তি আমাকর্তৃক অমুগৃহীত। তুমি সম্যক্ প্রশাসমূহের দারা বিস্তারিত ভাবে নিজহাদয়ে অমুভব করিতে পারিবে। অতএব, সেই ব্রহ্মজ্ঞানেরও সগুণ্ড কিরূপে নির্দেশ করা যাইতে পারে? যেহেতু সংসঙ্গ হইতে বা সংকৃপা হইতে উত্থিত বলিয়া ক্রিয়ারূপা সাধন-ভক্তি যদি নিগুণা হয়, তাহা হইলে ভগবৎ কুপায় আবিভূতি ব্রহ্মজ্ঞান নিগুণ হইবে না কেন ? অর্থাৎ সাধুসঙ্গ যেমন নিগুণ, শ্রীভগবং কুপাও তেমনি নিগুণা। অতএব নিগুণা ভগবংকুপা হইতে উত্থিত ব্রহ্মজ্ঞানও নিগুণই হইবে। তাহারই উত্তরে বলিতেছেন—